ক্রাইস্টচার্চে দু’টি মসজিদে হামলাকারীর উদ্দেশ্যে যা বললেন বিচারক

নিউজিল্যান্ডের দুটি মসজিদে হামলা করে ৫১ জনকে হত্যায় অভিযুক্ত ব্রেন্টন টারান্টকে যাবজ্জীবন কারাদণ্ডের শাস্তি দিয়েছে নিউজিল্যান্ডের একটি আদালত। সাজাপ্রাপ্ত ব্রেন্টন টারান্টের প্যারোলে মুক্তি পাওয়ারও কোনো সুযোগ থাকবে না। এই প্রথমবারের মত নিউজিল্যান্ডে প্যারোল ছাড়া যাবজ্জীবন কারাদণ্ডের শাস্তি দেয়া হলো। দণ্ডাদেশ দেয়ার সময় বিচারক মন্তব্য করেন যে, ব্রেন্টন টারান্ট পরিকল্পিতভাবে দু’টি মসজিদে হামলা করেন এবং তিনি তার কৃতকর্মের জন্য লজ্জিত নন।

গত বছরের ১৫ই মার্চ ক্রাইস্টচার্চের দুইটি মসজিদে বন্দুক নিয়ে গুলি করতে শুরু করে ওই হামলাকারী। টানা চতুর্থদিন শুনানি শেষে আজ বৃহস্পতিবার বিশ্বব্যাপী আলোচিত এ হত্যাকাণ্ডের মামলায় রায় ঘোষণা করেছেন ক্রাইস্টচার্চ আদালতের বিচারক ক্যামেরন ম্যান্ডার।

রায় ঘোষণার সময় আদালত কক্ষে উপস্থিত টারান্টের উদ্দেশে বিচারক বলেন, ‘আপনি নিজেকে মানসিকভাবে চরম অসুস্থ ব্যক্তি হিসেবে উপস্থাপন করেছেন, যে কি না নিজের থেকে ভিন্ন মনে করা অন্য মানুষদের ঘৃণা করে। আপনি যে ক্ষতি করেছেন তার জন্য ক্ষমা প্রার্থনা বা জনসম্মুখে স্বীকারোক্তি দেননি। যদিও আমি আপনার (আদালতের) এই প্রক্রিয়াগুলো প্ল্যাটফর্ম হিসেবে ব্যবহার করার সুযোগ ত্যাগ করার প্রশংসা করছি, কিন্তু আপনাকে মোটেও অনুতপ্ত বা লজ্জিত দেখাচ্ছে না।’

শ্বেতাঙ্গ আধিপত্যবাদে বিশ্বাসী টারান্টের উদ্দেশে বিচারক বলেন, ‘আপনি একটি গণহত্যা চালিয়েছেন। আপনি নিরস্ত্র ও প্রতিরোধবিহীন মানুষদের হত্যা করেছেন।’

দণ্ডের রায় ঘোষণার আগে উচ্চৈস্বরে দীর্ঘসময় ধরে টারান্টের হামলার শিকার ব্যক্তিদের বর্ণনা এবং তাদের স্বজনদের মন্তব্য পড়ে শোনান বিচারক ম্যান্ডার। এসময় আবেগ্লাপ্লুত হয়ে পড়ায় দু’বার থেমে যেতে হয় তাকে।

ভুক্তভোগী একটি পরিবারের কথা উল্লেখ করে বিচারক বলেন, ‘তাদের ক্ষতি অসহনীয়। আপনার কর্মকাণ্ড তাদের পরিবার ধ্বংস করে দিয়েছে, যেভাবে ধ্বংস করেছে আরও অনেক পরিবারকে।’ এসময় নিহত প্রিয়মানুষটির নাম শুনে স্বজনদের অনেককেই চোখের পানি মুছতে দেখা যায়।

ক্রাইস্টচার্চ হামলায় সর্বকনিষ্ঠ ভুক্তভোগীর নাম মুকাদ ইব্রাহিম। টারান্টের গুলিতে প্রাণ হারানোর সময় তার বয়স ছিল মাত্র তিন বছর। মুকাদের কথা উল্লেখ করে বিচারক বলেন, ‘এত ছোট বাচ্চা হারানোর পর কোনও মা-বাবাই স্বাভাবিক হতে পারবে না।’

সূত্র- বিডি প্রতিদিন

ভয়ঙ্কর ‘লরা’ ধেয়ে আসা যুক্তরাষ্ট্রে, ২০ মিটার উঁচু ঢেউয়ের আশঙ্কা

যুক্তরাষ্ট্রের লুইসিয়ানা ও টেক্সাসে ধেয়ে আসছে প্রলয়ংকরী হারিকেন লরা। দেশটির আবহাওয়া দপ্তর এই হারিকেনকে প্রথমে তৃতীয় ক্যাটাগরির ভাবলেও, পরে এর ভয়াবহতার মাত্রা অনুমান করে নির্ধারণ করা হয়েছে চতুর্থ ক্যাটাগরির। ধারণা করা হচ্ছে, এই সাইক্লোন ‘অবিশ্বাস্য’ রকম ভয়াবহ হতে পারে।

জানা গেছে, লরার গতিবেগ ঘণ্টায় ১৪৫ মাইল (২৩০ কিলোমিটার)। যুক্তরাষ্ট্রের স্থানীয় সময় বুধবারের শেষ দিকে বা বৃহস্পতিবারের সকালে লুইসিয়ানা ও টেক্সাস উপকূলে আঘাত হানতে পারে এটি। মায়ামিভিত্তিক যুক্তরাষ্ট্রের ন্যাশনাল হারিকেন সেন্টার (এনএইচসি) এমনই পূর্বাভাস দিয়েছে।

এনএইচসি বলছে, চতুর্থ ক্যাটাগরির হারিকেন ‘খুবই ভয়াবহ’। হারিকেনের মাত্রা মাপার স্কেলে লরার মাত্রা দ্বিতীয় সর্বোচ্চ। এর প্রভাবে লুইসিয়ানা ও টেক্সাস উপকূলে ২০ মিটার পর্যন্ত উঁচু ঢেউয়ের সৃষ্টি হতে পারে, প্রবল বাতাস বইতে পারে এবং বন্যা হতে

পারে। টর্নেডোতে রূপ নেওয়ার সম্ভাবনা রয়েছে।

বলা হয়েছে, ‘লরার প্রভাবে অবিশ্বাস্য রকম ঝড় হতে পারে। প্রলয়ংকরী ঢেউয়ে টেক্সাসের রিম স্টেট পার্ক সাগর ও লুইসিয়ানায় উপকূলীয় এলাকায় ভয়াবহ ক্ষয়ক্ষতি হয়েছে।’ লরার কারণে উপকূলীয় এলাকার ৪০ মাইলের ভেতর পর্যন্ত বন্যার সৃষ্টি হতে পারে। পানির উচ্চতা সাধারণ অবস্থা থেকে ১৫ থেকে ২০ ফুট উচ্চতায় উঠতে পারে।

টেক্সাসের গভর্নর গ্রেট অ্যাবোট বলেন, “হারিকেনের লরার শক্তি অবিশ্বাস্য। এর ক্ষয়ক্ষতি থেকে বাঁচতে অবশ্যই প্রয়োজনীয় পদক্ষেপ নেওয়া হবে। এই ঘূর্ণিঝড়ের অবস্থা অকল্পনীয়। আমি দক্ষিণ-পূর্ব টেক্সাস বাসীদের কয়েক ঘণ্টার মধ্যে নিরাপদ স্থানে যাওয়ার আহ্বান জানাচ্ছি।আমাদের সম্পত্তি পুনরুদ্ধার করা যাবে। কিন্তু জীবন ফিরে পাওয়া যাবে না।

এদিকে, লরার প্রভাবে ক্যারিবীয় অঞ্চলে এরই মধ্যে ২৫ জনের বেশি মানুষের মৃত্যুর খবর পাওয়া গেছে বলে জানা গেছে।উল্লেখ্য, ২০১৭ সালে টেক্সাসে ক্যাটাগরি ৩ পর্যায়ের হারিকেন হারভি আঘাত হেনেছিল। সেবার ৬৮ জন মানুষের মৃত্যু হয়েছিল। এই দুর্বিষহ অভিজ্ঞতাকে কাজে লাগিয়ে এবার বাড়তি সতর্কতা জারি করা হয়েছে।

সূত্র : ইউএসএটুডে।

প্রতারণার অভিযোগে নাইজেরিয়া ও ঘানার ৪ নাগরিক আটক

ফেসবুকে বিভিন্ন মানুষের সঙ্গে প্রতারণা করে অর্থ হাতিয়ে নেওয়ার অভিযোগে চার বিদেশি (নাইজেরিয়ান ও ঘানা) নাগরিককে আটক করেছে পুলিশের অপরাধ তদন্ত বিভাগের (সিআইডি) অর্গানাইজড ক্রাইমের একটি টিম।

বুধবার দুপুরে রাজধানীর মালিবাগ সিআইডি কার্যালয়ে আয়োজিত এক সংবাদ সম্মেলনে এসব তথ্য জানান বিশেষ পুলিশ সুপার (এসএসপি) সৈয়দা

জান্নাত আরা।

প্রতারণার অভিযোগে আটক চারজনের মধ্যে নাইজেরিয়ান দুই নাগরিক হলেন- মরো মহাম্মদ, মরিসনও এবং ঘানার দুই নাগরিক সিসম ও এন্থনী। এ সময় তাদের কাছ থেকে প্রতারণার কাজে ব্যবহৃত ৬টি ল্যাপটপ, বেশকিছু সিম এবং ৬টি বিভিন্ন মডেলের মোবাইল ফোন উদ্ধার করা হয়।

সূত্র- বিডি-প্রতিদিন

কৌশলগতভাবে উইঘুরদের পরিচয় বিলুপ্ত করে ফেলছে চীন

ভারতীয় সংবাদমাধ্যম ট্রিবিউনে মুসলিম সংখ্যাগরিষ্ঠ উইঘুরদের ওপর চীনের নিপীড়নের কঠোর সমালোচনা করা হয়েছে। গত ২৪ আগস্ট Systematic erasure of identity শিরোনামে ভারতের জাতীয় নিরাপত্তা উপদেষ্টা বোর্ডের সদস্য তিলক দেবাশের দীর্ঘ একটি নিবন্ধ লিখেছেন। এতে তিনি লিখেছেন,

সম্প্রতি চীনের জিনজিয়াং প্রদেশে বসবাসরত ১১ মিলিয়ন উইঘুরের অবস্থা নিয়ে প্রতিবেদন প্রকাশিত হয়েছে। উইঘুররা তুর্কি বংশোদ্ভূত, যাদের বেশিরভাগই মুসলিম। প্রতিবেদনে বলা হয়েছে, চীন তাদের পরিচয় মুখে ফেলার চেষ্টা করছে এবং তাদের সংস্কৃতি, ঐতিহ্য, বিশ্বাসের ওপর আক্রমণ করা হচ্ছে এবং তাদের জনসংখ্যা বৃদ্ধির হাম কমিয়ে আনা হচ্ছে। সমন্বিতভাবে গৃহীত এসব পদক্ষেপ মানবাধিকারের লঙ্ঘন। হান চাইনিজ ও উইঘুরদের মধ্যে সংঘর্ষের জের ধরে ২০০৯ সালের পর থেকে উইঘুরদের ওপর অবরোধ আরোপ করা হয়। ওই সংঘর্ষে প্রায় ২০০ জন হান চাইনিজ প্রাণ হারান।

২০১৪ সালে জিনজিয়াংয়ে চীনের প্রেসিডেন্ট শি জিনপিংয়ের সফরের পর থেকে ক্র্যাকডাউন আরও তীব্র হয়। ২০১৭ সাল থেকে কর্তৃপক্ষ সেখানে ডিটেনশন ক্যাম্প পরিচালনা করছে। ক্যাম্পের নাম দেওয়া হয়েছে ভোকেশনাল এডুকেশন অ্যান্ড ট্রেনিং সেন্টার। চীন সরকারের কিছু গোপন নথি হস্তগত করেছে ইন্টারন্যাশনাল কনসোর্টিয়াম অব

ইনভেস্টিগেটিভ জার্নালিস্ট। সেই নথিতে ডিটেনশন সেন্টার পরিচালনা বিষয়ক কিছু পরিকল্পনা ও নির্দেশনা ছিল। নাৎসী আমলের কনসেন্ট্রশন ক্যাম্পের আদলে তৈরি এ ক্যাম্পে ২০১৭ সাল থেকে ১/২ মিলিয়ন উইঘুরকে বন্দী করা হয়েছে। ক্যাম্প থেকে ফাঁস হওয়া ভিডিওতে দেখা গেছে উইঘুরদের ওপর নির্যাতনের চিত্র। সেখানে উইঘুরদের ‘আদর্শিক প্রশিক্ষণ’ দেওয়া হয়। শ্রম দিতে বাধ্য করা হয়।

ক্যানবেরা ভিত্তিক অস্ট্রেলিয়ান স্ট্রাটেজিক পলিসি ইন্সটিটিউট জানিয়েছে, ২০১৭ সালের পর থেকে ৮০ হাজার উইঘুর বন্দীকে ২৭টি কারখানায় স্থানান্তর করা হয়েছে। সেসব কারখানায় ৮৩টি বৈশ্বিক ব্রান্ডের পণ্য উৎপাদন করা হয়।

চীনের দাবি, ডিটেনশন ক্যাম্প করা হয়েছে ধর্মীয় উগ্রপন্থা ও সহিংসতা বন্ধের উদ্দেশ্যে। প্রমাণস্বরূপ চীন বলছে, ২০১৬ সালের ডিসেম্বরের পর থেকে জিনজিয়াংয়ে সন্ত্রাসী হামলা হয়নি। কিন্তু উইঘুরদের ওপর চীনের নিপীড়ন নিয়ে সারা বিশ্বে যে ক্ষোভ তৈরি হয়েছে তা শান্ত করতে চীন সমর্থ হয়নি।

সূত্র- বিডি প্রতিদিন

উত্তেজনা বাড়িয়ে তুরস্ক ও গ্রিসের সামরিক মহড়ার ঘোষণা

পূর্ব ভূমধ্যসাগরে তেল ও গ্যাসের মালিকানা নিয়ে উত্তেজনা বেড়েই চলেছে। তারই জের ধরে মঙ্গলবার পাল্টাপাল্টি সামরিক মহড়ার ঘোষণা দিয়েছে তুরস্ক ও গ্রিস। তুরস্ক এই এলাকা থেকে অন্য জাহাজকে সরে যেতে বলে। এরপরই নৌ মহড়ার ঘোষণা দেয় গ্রিস।

তুরস্কের পক্ষ থেকে বলা হয়, ওই জলসীমায় তাদের গবেষণা জাহাজ অরুচ রেইসের অনুসন্ধানের সময় বাড়ানো হয়েছে। এ জন্য অন্য জাহাজকে সেখান থেকে সরে যেতে বলা হয়েছে। এতে ক্ষিপ্ত হয়ে এই অনুসন্ধানকে বেআইনি বলে ওই অঞ্চলে নৌ মহড়া চালানোর কথা বলে গ্রিস।

উল্লেখ্য, তুরস্ক ও গ্রিস ন্যাটোর সদস্যভুক্ত দেশ। ক্রিট ও সাইপ্রাস দ্বীপের মধ্যবর্তী বিতর্কিত সমুদ্রসীমায় তেল ও গ্যাস অনুসন্ধান নিয়ে বিরোধে জড়িয়ে পড়েছে এই দুই দেশ।

সূত্র: বিবিসি

ইসরাইলে মাটি খুড়ে পাওয়া গেল ইসলামি যুগের কলসভর্তি স্বর্ণমুদ্রা!

ইসলামি স্বর্ণযুগ হিসেবে পরিচিত আব্বাসীয় খিলাফতের বিপুল পরিমাণ স্বর্ণমুদ্রার সন্ধান পাওয়া গেল ইসরাইলে।

ইসরাইলের ইয়াভনে শহরের কাছে খননকাজ চালানোর সময় কলসভর্তি ওই স্বর্ণের মুদ্রা পাওয়া যায়।দেশটির প্রত্নতাত্ত্বিকরা সোমবার এ তথ্য জানিয়েছেন।খবর বিবিসির।

সোমবার ইসরাইলের অ্যান্টিকস অথরিটি’র দুই প্রত্নতত্ত্ববিদ লিয়াত নাদাভ-জিভ এবং এলিয়ে হাদাদ এক যৌথ বিবৃতিতে জানিয়েছেন, মোট ৪২৫টি ‘অত্যন্ত দুর্লভ’ প্রাচীন স্বর্ণমুদ্রা পেয়েছেন তারা। প্রতিটি মুদ্রা খাঁটি সোনা দিয়ে তৈরি। এর মধ্যে অধিকাংশ ১১০০ বছর পুরনো আব্বাসীয় আমলের।

জানা গেছে, উদ্ধার হওয়া সম্পদের মধ্যে ছোট আকারের স্বর্ণমুদ্রার অনেক টুকরা পাওয়া গেছে। ওই আমলে এগুলো স্বল্প মূল্যের মুদ্রা ছিল বলে ইসরাইলি বিশেষজ্ঞদের অভিমত।

নবম শতাব্দীর শেষ সময়টা ছিল আব্বাসীয় খিলাফতে স্বর্ণযুগ। ওই সময় সাম্রাজ্যের সর্বাধিক বিস্তার ঘটেছিল।

এ থেকেই প্রমান পা্ওয়া যায়, ইসরাইলের জবর-দখল করা ফিলিস্তিনিদের এ ভূমি আসলে মুসলমানদেরই ছিল।

সূত্র- যুগান্তর

স্বপ্নভঙ্গ! ফাইনাল হারের পর নেইমারের কান্না

বার্সেলোনার জার্সিতে ২০১৫ সালে চ্যাম্পিয়ন্স লিগে জিতেছিলেন নেইমার জুনিয়র। তবে তা লিওনেল মেসির ছায়াতেই থেকে গিয়েছে। আর তাই সুপারস্টার হতে বার্সা ছেড়ে প্যারিসের ক্লাবে যোগ দেন নেইমার। গত কয়েকটি মৌসুমে ব্যর্থ হলেও এবার পিএসজির হয়ে চ্যাম্পিয়ন্স লিগ জয়ের স্বপ্ন দেখেন নেইমার। কিন্তু লিসবনের মেগা ফাইনালে তীরে এসে তরী ডুবল।

প্রথমবার ইউরোপ সেরার ফাইনালে উঠে ইতিহাস লেখা হল না পিএসজির। ম্যাচ শেষে তাই হারের যন্ত্রণা আড়াল করতে পারলেন না ব্রাজিলিয় তারকা। লিসবনে কেঁদে ভাসালেন নেইমার।

রেফারির লম্বা বাঁশি জানান দিয়েছে খেলা শেষ। ষষ্ঠবার চ্যাম্পিয়ন্স লিগে চ্যাম্পিয়ন বায়ার্ন মিউনিখ। প্রথমবার ফাইনালে উঠে স্বপ্নের কাছাকাছি পৌঁছেও স্বপ্নপূরণ হল না পিএসজির। ম্যাচ শেষে হারের কষ্ট লুকিয়ে রাখতে পারেননি আবেগপ্রবণ নেইমার।

কাছে টেনে নিয়ে তখন সান্তনা দিয়েছেন বায়ার্নের ডেভিড আলাবা। নেইমারকে মাথায় হাত বুলিয়ে দিয়েছেন বায়ার্ন কোচ হান্স ফ্লিক। এগিয়ে এসেছেন সতীর্থরাও। কিন্তু তাতেও শান্ত করা যাচ্ছিল না নেইমারকে। বার বার চোখটা ঝাপসা হয়ে যাচ্ছিল তাঁর। ট্রফি জয়ের উচ্ছ্বাসে মাতোয়ারা বায়ার্ন। তখন ডাগ আউটে অশ্রু মুছছেন নেইমার।

ট্রফি নিয়ে উল্লাস করা হলো না এবার পিএসজির জার্সিতে। তাই তো মেডেল পরে পুরস্কার বিতরণী মঞ্চ থেকে নেমে যাওয়ার সময় যেন একবার ট্রফিটা ছুঁয়ে গেলেন নেইমার।

সূত্র- বিডি প্রতিদিন

[redacted]

[redacted]

ক্রলির ডাবল সেঞ্চুরিতে রানের পাহাড়ে ইংল্যান্ড, কোণঠাসা পাকিস্তান

তৃতীয় টেস্টে ইংল্যান্ডের দুই ব্যাটসম্যান জ্যাক ক্রুলি এবং জস বাটলারের ব্যাটিংয়ে কোণঠাসা পাকিস্তান। ক্রুলির ডাবল সেঞ্চুরি আর বাটলারের সেঞ্চুরিতে পাকিস্তানের বিপক্ষে প্রথম ইনিংসে রানের পাহাড় গড়ার পথে ইংল্যান্ড।

এই রিপোর্ট লেখা পর্যন্ত ইংল্যান্ডের সংগ্রহ ৫ উইকেটে ৪৮৮ রান। ২৬৭ রানে ক্রুলি আউট হলেও ১৩৯ রানে ব্যাট করছেন জস বাটলার।

আন্তর্জাতিক ক্রিকেট ক্যারিয়ারের প্রথম সেঞ্চুরিকে ডাবলে পরিণত করলেন জ্যাক ক্রলি। পাকিস্তানের বিপক্ষে সাউদাম্পটন টেস্টে নতুন মাইলফলক স্পর্শ করলেন ২২ বছর বয়সী ইংলিশ এ তরুণ ব্যাটসম্যান। ১৯৭৯ সালের পর ইংল্যান্ডের সবচেয়ে কম বয়সী হিসেবে ডাবল সেঞ্চুরির নজির স্থাপন করেছেন ক্রলি। ১৯৭৯ সালে ক্যারিয়ারের ১২তম টেস্টে ভারতের বিপক্ষে বার্মিংহামে সেঞ্চুরি করেছিলেন ডেভিড গাওয়ার।

শুক্রবার প্রথম দিনে ৪ উইকেটে ৩৩২ রান সংগ্রহ করে ইংল্যান্ড। আগের দিনে ১৭১ রানে অপরাজিত থাকা ক্রলি শনিবার ব্যাটিংয়ে নেমে মধ্যাহ্ন ভোজের পরপরই ডাবল সেঞ্চুরির মাইলফলক স্পর্শ করেন।

অবশ্য লাঞ্চের কিছু আগেই টেস্ট ক্যারিয়ারের দ্বিতীয় সেঞ্চুরি তুলে নেন ইংল্যান্ডের উইকেটকিপার ব্যাটসম্যান জস বাটলার।

এর আগে প্রথম টেস্টে হার, দ্বিতীয় টেস্ট ভেসে গিয়েছিল বৃষ্টিতে। তৃতীয় টেস্টেও বৃষ্টির হানা। তবে বৃষ্টির চোখ রাঙানি কাটিয়ে মাঠে চলছে ইংল্যান্ড-পাকিস্তানের লড়াই।

পাকিস্তানের হয়ে ইয়াসির শাহ ২টি, ১টি করে উইকেট নেন শাহিন শাহ আফ্রিদি, আসাদ শফিক এবং নাসিম শাহ।

সূত্র- বিডি প্রতিদিন

রদবদলের পথে বার্সা, প্রয়োজনে বেঞ্চে বসে থাকতেও রাজি সুয়ারেজ

নতুন মৌসুমে বড়সড় রদবদলের দিকে হাঁটছে স্প্যানিশ জায়ান্ট ক্লাব বার্সেলোনা। ক্লাবটির সভাপতি জোসেফ বার্তোমেউ জানিয়েছেন, নতুন মৌসুমের জন্য মাত্র পুরোনো দলের মেসিসহ মাত্র সাতজনকে রেখে বাকিদের ছেড়ে দিতে চান তিনি। আর সে তালিকায় নেই লুইস সুয়ারেজের নাম। ফলে ক্লাব ছাড়ার সংশয় রয়েছে এই উরুগুইয়ানের।

তবে সুয়ারেজ জানিয়েছেন, ক্লাব ছাড়তে রাজি নন তিনি। প্রয়োজনে সামনের মৌসুম কাতালান ক্লাবের বেঞ্চে বসে কাটিয়ে দিতে রাজি তিনি।

স্প্যানিশ পত্রিকা এল পাইসের সঙ্গে সাক্ষাৎকারে এমন তথ্য জানিয়েছেন সুয়ারেজ। তার ভাষ্যে, ‘সভাপতি কিছু নাম বলেছেন, সেগুলো নিয়ে কথা হচ্ছে। এছাড়া ক্লাবে কিছু পরিবর্তনেরও কথা হচ্ছে। তবে আমাকে ক্লাব ছাড়ার কথা এখনো কেউ বলেনি।’
ক্লাবে থাকতে চান জানিয়ে সুয়ারেজ আরও যোগ করেন, ‘যদি আমাকে ছেড়ে দেওয়ার সিদ্ধান্ত নেয়, তাহলে দায়িত্বশীল ব্যক্তিরা সেটা আমাকে জানিয়ে দিলে ভালো হবে। এভাবে নাম প্রকাশ না করে ওইভাবে কাজটা করলে ভালো হয়। তবে আমি দলের ভালো চাই এবং আমি ক্লাবেই থাকতে চাই।’

বার্সেলোনার এই স্ট্রাইকার আরও জানান, প্রয়োজনে বেঞ্চে বসে কাটাবেন সামনের মৌসুম। তার ভাষ্যে, ‘আমার ক্যারিয়ারের বিভিন্ন সময়ে বেঞ্চে বসে থাকার বিষয়টিকে মেনে নিয়েছি। আমি মনে করি, আমার এখনো অনেক কিছু দেওয়ার আছে। তবে আগামী মৌসুমে বেঞ্চে বসে থাকতে হলেও আমার কোনো সমস্যা নেই।’ সূত্র- বিডি প্রতিদিন